



BANGLADESH SECURITIES AND EXCHANGE COMMISSION

JIBON BIMA TOWER (14, 15, 16 & 20 FLOOR), 10 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH


সূত্র নং- এসইসি/মুখপত্র/২০১১/১০১০

তারিখঃ ১০/০৯/২০১৩ ইং

প্রেস বিজ্ঞপ্তি

৪৯৩ তম কমিশন সভা অদ্য ১০/০৯/২০১৩ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. কমিশন আজকের সভায় বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর নতুন মার্কেট সার্ভেইল্যান্স সিস্টেম বাস্তবায়ন সংক্রান্ত গাইডলাইন অনুমোদন করেছে।
২. আইসিবি এএমসিএল ফার্স্ট মিউচুয়াল ফান্ড কে মেয়াদী ফান্ড (Close-end) থেকে বেমেয়াদী (Open-end) ফান্ডে রূপান্তরের প্রক্রিয়া সম্পাদনের জন্য সংশ্লিষ্ট সম্পদ ব্যবস্থাপকের আবেদনের প্রেক্ষিতে কমিশনের গত ৪৭৮ তম সভায় নীতিগত অনুমোদন দেয়া হয়। আজকের সভায় সম্পদ ব্যবস্থাপককে উক্ত ফান্ডের রূপান্তর প্রক্রিয়া আগামী ৩১ শে ডিসেম্বর ২০১৩ এর মধ্যে সম্পন্ন করার নির্দেশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও মেয়াদী (Close-end) ফান্ড থেকে বেমেয়াদী (Open-end) ফান্ডে রূপান্তর প্রক্রিয়া সম্পর্কিত একটি নীতিমালা শীঘ্রই প্রণয়নের সিদ্ধান্তও সভায় গৃহীত হয়।


২০/০৯/২০১৩

মোঃ সাইফুর রহমান

নির্বাহী পরিচালক ও মুখপাত্র